প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগীয় কার্যালয় কর্তৃক অদ্য ২৯/০৭/২০২৬ খ্রি. তারিখে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ০৭ ধারার আলোকে অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র গ্রহণ/ছাড়পত্র নবায়ন ব্যতিরেকে পরিচালনা করায় ১০ টি প্রতিষ্ঠানকে=২,৭৫,০০০/-(দুই লক্ষ পঁচাত্তর হাজার) টাকা এবং বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ০৭ ধারার আলোকে পাহাড়/টিলা কর্তনের দায়ে ০১ জন ব্যক্তি/প্রতিষ্ঠানকে=৭,৫০,০০০ (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সর্বমোট ১১ টি ব্যক্তি/প্রতিষ্ঠানকে=১০,২৫,০০০/-(দশ লক্ষ পঁচিশ হাজার) টাকা ক্ষতিপূরণ আরোপ করা হয়। ধার্যকৃত ক্ষতিপূরণ নির্ধারিত কোডে ট্রেজারী চালানের ('এ' চালান) মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানের নির্দেশ দেয়া হয়।

আদেশ প্রতিপালনে ব্যর্থ হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সর্তক করা হয়।

স্বাক্ষরিত/-
মোঃ আবুল কালাম আজাদ
পরিচালক
পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগীয় কার্যালয়